

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৮৬

২০/ আহার করা (كتاب الأطعمة عن رسول الله صلى الله عليه وسلم) পরিচ্ছেদঃ জীবন্ত জন্তু থেকে কর্তিত অঙ্গ মৃতের মত হারাম।

باب مَا قُطِعَ مِنَ الْحَيِّ فَهُوَ مَيِّتُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الأَعْلَى الصَّنْعَانِيُّ، حَدَّثَنَا سَلَمَةُ بْنُ رَجَاءٍ، قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أَبِي وَاقِدِ اللَّيْثِيِّ، قَالَ قَدِمَ النَّبِيُّ صلى الله عليه وسلم الْمَدينَة وَهُمْ يَجُبُّونَ أَسْنِمَةَ الإِبلِ وَيَقْطَعُونَ أَلْيَاتِ الْغَنَمِ قَالَ " مَا قُطِعَ مِنَ الْبَهِيمَةِ وَهِيَ حَيَّةٌ فَهُوَ مَيْتَةٌ ".

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ يَعْقُوبَ الْجُوزَجَانِيُّ، حَدَّثَنَا أَبُو النَّضْرِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ، نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ زَيْدِ بْنِ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ . وَأَبُو وَاقِدٍ اللَّيْثِيُّ اسْمُهُ الْحَارِثُ بْنُ عَوْفٍ . بْنُ عَوْفٍ .

বাংলা

১৪৮৬। মুহাম্মদ ইবনু আবদুল আ'লা সানআনী (রহঃ) ... আবূ ওয়াকীদ লায়ছী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় যখন আগমন করলেন, তৎকালে সেখানকার লোকেরা (জীবস্ত) উটের কুজ ও মেষের পাছার মাংস পিন্ড কেটে খেত। তিনি বললেন, কোন জীবন্ত পশুর কর্তিত অংশ মৃত বলে গণ্য।

সহীহ, ইবনু মাজাহ ৩২১৬, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৮০ [আল মাদানী প্রকাশনী]

ইবরাহীম ইবনু ইয়া'কুব (রহঃ) ... আবদুর রহমান ইবনু আবদুল্লাহ ইবনু দ্বীনার (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-গারীব। যায়দ ইবনু আসলাম (রহঃ)-এর সূত্র ছাড়া এ হাদীস সম্পর্কে আমরা কিছু অবগত নই। আলিমদের এতদনুসারে আমল রয়েছে। আবূ ওয়াকী লায়ছী রাদিয়াল্লাহু আনহু-এর নাম হল হারিছ ইবনু আওফ।

English



Narrated Abu Waqid Al-Laithi:

"The Prophet (ﷺ) came to Al-Madinah and they were in the habit of cutting the humps off of the camels and cutting the buttocks from the sheep. He said: 'Whatever is cut from an animal while it is alive, then it is dead flesh.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ ওয়াকিদ আল-লায়সী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন